

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০১

তারিখ : ৯ জানুয়ারি, ২০২০  
২৫ পৌষ, ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

ব্যাংকে কর্মরত নারী কর্মকর্তা/কর্মচারীগণের মাতৃত্বকালীন ছুটি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ, উন্নয়ন ও অগ্রগতি সামগ্রিকভাবে জাতীয় উন্নয়নের অন্যতম নিয়ামক। বাংলাদেশে নারীর ক্ষমতায়নে বিভিন্ন কার্যক্রম গৃহীত হয়েছে। ফলশ্রুতিতে, ব্যাংকিং সহ বিভিন্ন পেশায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও শিক্ষাসহ নারী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে সাফল্য অর্জিত হয়েছে। সরকারী চাকুরীতে নিয়োজিত নারী কর্মচারীগণের মাতৃত্বকালীন ছুটির ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিভিন্ন পর্যায়ে সহায়ক নীতিমালা প্রণয়ন করেছে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৯/০৭/২০০১ তারিখের এস,আর,ও নং-১৮৬-অম/অবি/প্রবি-২/ছুটি-৩/২০০১, ০৯/০১/২০১১ তারিখের এস,আর,ও নং-০৫/নথি নং- ০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১ এবং ০১/০৪/২০১২ তারিখের এস,আর,ও নং-০৪/নথি নং ০৭.০০.০০০০.১৭১.০৮.০০.০০১.১২/ আইন/২০১২ এর মাধ্যমে Bangladesh Service Rules (Part-I) এর rule 197 সংশোধনক্রমে সরকারী চাকুরীতে নারী কর্মচারীগণের মাতৃত্বকালীন ছুটির বিধিমালা হালনাগাদ করা হয়েছে। অত্র বিভাগ হতে তফসিলি ব্যাংকসমূহের নারী কর্মকর্তা/কর্মচারীগণের মাতৃত্বকালীন ছুটি সংক্রান্ত জারিকৃত ২৮/০৩/২০১৩ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০১ এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক ০৯/০১/২০১১ তারিখে জারিকৃত এস,আর,ও নং-০৫/নথি নং-০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১ এর আলোকে নারী কর্মকর্তা/কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটির মেয়াদ ৬ (ছয়) মাসে উন্নীতকরণ এবং ১৭/০৬/২০১৫ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮ এর মাধ্যমে মাতৃত্বকালীন ছুটি ভোগের বছরে বার্ষিক কর্ম মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদসত্ত্বেও ব্যাংকিং খাতে মাতৃত্বকালীন ছুটির বিধানাবলী প্রয়োগে ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে।

২। এক্ষেত্রে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাতৃত্বকালীন ছুটি সংক্রান্ত বিধিমালা এবং ইতোপূর্বে এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনাসমূহের আলোকে তফসিলি ব্যাংকসমূহের নারী কর্মকর্তা/কর্মচারীগণের মাতৃত্বকালীন ছুটি সংক্রান্ত অভিন্ন বিধানাবলী প্রয়োগের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা হলো :

(ক) মাতৃত্বকালীন ছুটির মেয়াদ হবে ৬ (ছয়) মাস। চাকুরীর মেয়াদ নির্বিশেষে সকল স্থায়ী ও অস্থায়ী নারী কর্মকর্তা/কর্মচারী এ ছুটি প্রাপ্য হবেন। সমগ্র চাকুরী জীবনে একজন নারী কর্মকর্তা/কর্মচারী সর্বোচ্চ ২(দুই) বার এ ছুটি ভোগ করতে পারবেন। মাতৃত্বকালীন ছুটি অন্য কোন ছুটির সাথে সমন্বয় করা যাবে না।

(খ) মাতৃত্বকালীন ছুটির সময়ে সংশ্লিষ্ট নারী কর্মকর্তা/কর্মচারী স্বাভাবিক বেতন/ভাতাদি প্রাপ্য হবেন।

(গ) মাতৃত্বকালীন ছুটির বিষয়ে উত্থাপিত বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারী বিধানাবলী অনুসৃত হবে।

(ঘ) নারী কর্মকর্তা/কর্মচারীগণের মাতৃত্বকালীন ছুটি ভোগের বছরে তাঁদের বার্ষিক কর্মমূল্যায়নের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের কর্মমূল্যায়ন অথবা পূর্ববর্তী তিন বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড়ের মধ্যে যেটি অধিকতর উত্তম তা বিবেচনায় নিতে হবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫(১) ধারায় অর্পিত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫২